



টাইমস হায়ার এডুকেশন র্যাংকিংয়ে আবারো শীর্ষে এনএসইউ

নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) আবারো বাংলাদেশের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে নিজের অবস্থান সুদৃঢ় করেছে। টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র্যাংকিং ২০২৬-এ এনএসইউ যৌথভাবে বাংলাদেশের ১ নম্বর বিশ্ববিদ্যালয় হিসেবে স্থান করে নিয়েছে।

আনুষ্ঠানিকভাবে গতকাল প্রকাশিত ফলাফলে এনএসইউর সঙ্গে যৌথভাবে র্যাংকিংয়ের ৮০১-১০০০ ব্যান্ডে স্থান পেয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় ও ড্যাফোর্ডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

এবারের র্যাংকিংয়ে বিশ্বের ১১৫টি দেশের ২ হাজার ১৯১টি বিশ্ববিদ্যালয়কে মূল্যায়ন করা হয়েছে, যা টিএইচইর ইতিহাসে অন্যতম বৃহত্তম মূল্যায়ন। এ বছর মোট ১৯টি বাংলাদেশী বিশ্ববিদ্যালয় তালিকাভুক্ত হয়েছে।

গত বছরও এনএসইউ বাংলাদেশের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয় হিসেবে অন্য চারটি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথভাবে প্রথম স্থান অর্জন করে। এ বছরও র্যাংকিংয়ের তালিকায় উল্লেখযোগ্য পরিবর্তন হয়নি; তবে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পরিবর্তে ঢাকা বিশ্ববিদ্যালয় এ বছর বাংলাদেশের সর্বোচ্চ র্যাংকপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়গুলোর দলে যুক্ত হয়েছে।

এ প্রসঙ্গে এনএসইউ উপাচার্য অধ্যাপক আবদুল হামান চৌধুরী বলেন, 'এ অর্জন আমাদের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং সাবেক শিক্ষার্থীদের সম্মিলিত প্রচেষ্টা, নিষ্ঠা ও একাডেমিক উৎকর্ষের প্রতিফলন। আমরা এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের দিকনির্দেশনা, শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) সহযোগিতার জন্য কৃতজ্ঞ।' এনএসইউ তার গবেষণার প্রভাব বৃদ্ধি, আন্তর্জাতিক সহযোগিতা জোরদার ও বিশ্বমানের মাত্রক তৈরিতে প্রতিশ্রুতিবদ্ধ বলেও মন্তব্য করেন তিনি।

অধ্যাপক আবদুল হামান চৌধুরী ৭-৯ অক্টোবর সৌদি আরবের থুওয়াল শহরে অনুষ্ঠিত টাইমস হায়ার এডুকেশন ওয়ার্ল্ড একাডেমিক সামিট ২০২৫-এ অংশগ্রহণ করেন, যেখানে টিএইচই ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র্যাংকিং ২০২৬-এর ফলাফল ঘোষণা করা হয়। —বিজ্ঞপ্তি